

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/ডিঃইউ/ডি-৭৫/২০০৯/০৮

তারিখঃ ০৫-০১-২০১৫ ইং।

প্রাপক,


প্রকল্প পরিচালক

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

বিষয় : বিভিন্ন প্রকল্পে নিয়োজিত Consultant কর্তৃক প্রস্তুতকৃত Bridge এর Design/Drawing এলজিইডি ডিজাইন ইউনিট কর্তৃক পরীক্ষাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নং- এলজিইডি/সিই/ডিঃইউ/ডি-৯০/২০০৯/৭২১, তারিখঃ ১৩-০৬-২০১২ইং মূলে জারীকৃত "Bridge Design Standards for LGED" অনুসরণ পূর্বক Bridge Design প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশ প্রদান করা হয়েছিল। কিন্তু বিভিন্ন প্রকল্পে নিয়োজিত প্রকল্প পরিচালকগণ উক্ত নির্দেশনা অনুসরণ না করে Design প্রস্তুত করে বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে প্রেরণ করছেন এবং AASHTO-2007 Code-ও অনেক ক্ষেত্রে অনুসৃত হচ্ছে না। ফলে মাঠ পর্যায়ে পরিদর্শনকালে কোন কোন ক্ষেত্রে Under / Over Design বলে প্রতীয়মান হচ্ছে এবং এ কারণে ভবিষ্যতে অনাকাঙ্খিত কোন কারিগরী জটিলতা সৃষ্টি হতে পারে।

এমতাবস্থায়, এখন থেকে অত্র অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রকল্পে নিয়োজিত Consultant কর্তৃক প্রস্তুতকৃত সকল ব্রীজের Design/Drawing এলজিইডি ডিজাইন ইউনিট হতে যাচাই-বাছাই পূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হলো।


(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোন : ৯১২৪০২৭
ই-মেইল : ce@lged.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/ডিঃইউ/ডি-৭৫/২০০৯/৮৫

তারিখঃ ২২-০১-২০১৫ ইং।

প্রাপক,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ -----।


বিষয় : বিভিন্ন প্রকল্পে নিয়োজিত Consultant কর্তৃক প্রস্তুতকৃত Bridge এর Design/Drawing এলজিইডি ডিজাইন ইউনিট কর্তৃক পরীক্ষা/যাচাই করণ প্রসঙ্গে।

সূত্র স্মারক নং- এলজিইডি/সিই/ডিঃইউ/ডি-৭৫/২০০৯/০৮, তারিখঃ ০৫-০১-২০১৫ ইং।

উপর্যুক্ত সূত্র মোতাবেক প্রধান প্রকৌশলী কর্তৃক জারীকৃত আদেশের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। LGED কর্তৃক বাস্তবায়নাধীন/ বাস্তবায়ীতব্য সকল সেতুর Design/Drawing এখন থেকে LGED Design Unit থেকে পরীক্ষা করার সিদ্ধান্ত হয়েছে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সূত্রস্থ স্মারকের পত্রে উল্লেখিত নির্দেশ যথাযথ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : প্রধান প্রকৌশলী মহোদয়ের জারীকৃত পত্রের কপি।



(মোঃ খালিলুর রহমান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন)
ফোনঃ +৮৮০ ২ ৫৮১৫০১৮০
ফ্যাক্সঃ +৮৮০ ২ ৫৮১৫০৩৬৩
ই-মেইলঃ se.design@lged.gov.bd